বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
জনসংযোগ বিভাগ
www.bgfcl.gov.bd

## ১১ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১১০তম মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. মোঃ আব্দুল জলিল প্রামানিক<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ১১ আগস্ট ২০২৬ |
| সভার সময় | দুপুর ২.৩০ ঘটিকা |
| স্থান | বোর্ড রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, ব্রাহ্মণবাড়িয়া |
| উপস্থিতি | তালিকা সংযুক্ত |

সভার সভাপতি কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক বোর্ড রুমে উপস্থিত এবং অনলাইনে অংশগ্রহণকারী সকলকে ১১০তম সমন্বয় সভায় স্বাগত জানান। তিনি বিগত সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সম্পর্কে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ কর্তৃক সভাকে অবহিত করার অনুরোধ জানিয়ে কোম্পানি সচিব-কে আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার আহ্বান জানান। কোম্পানি সচিব সভাপতিকে ধন্যবাদ জানিয়ে সমন্বয় সভার সিদ্ধান্তসমূহসহ আলোচ্যসূচি ধারাবাহিকভাবে সভায় উপস্থাপন করেন।

সভায় সর্বসম্মতিক্রমে গত ৫ জুলাই ২০২৬ তারিখে অনুষ্ঠিত কোম্পানির ১০৯তম সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

বিগত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩.০। | **অপারেশন ডিভিশন:** | | | |
| ৩.১। | ফিল্ডসমূহের সার্বিক কার্যক্রম। | **ক) তিতাস ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারে সর্বমোট ১৩টি ফ্লো-কম্পিউটার ইনস্টলেশনের লক্ষ্যে ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক ইতোমধ্যে তিতাস-এ, সি ও নরসিংদী ফিল্ডে ফ্লো-কম্পিউটার ইনস্টলেশন সম্পন্ন করা হয়েছে। বাখরাবাদ, মেঘনা ও হবিগঞ্জ ফিল্ডের ইনস্টলেশন শেষ পর্যায়ে আছে। কমিশনিং, পারফরমেন্স টেস্ট ও ক্যালিব্রেশন শেষ করে ফ্লো-কম্পিউটার চালু করতে আরও আনুমানিক ২ মাস সময় লাগবে মর্মে সভাকে অবহিত করা হয়। বলে আশা করা যাচ্ছে। | কোম্পানির গ্যাস সরবরাহের সকল কাস্টডি ট্রান্সফার মিটারসমূহে ফ্লো-কম্পিউটার স্থাপন কমিশনিং, পারফরমেন্স টেস্ট ও ক্যালিব্রেশন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(টিএস) ও সকল ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩.২। | গ্যাস উৎপাদন | তিতাস ফিল্ডের দৈনিক গ্যাস উৎপাদন হার কেন স্ট্যাবল রাখা যাচ্ছে না, এ বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট জানতে চান। সভাকে অবহিত করা হয় যে, কোনো কারণে জেনারেটরের বিদ্যুৎ সরবরাহে সময়িক বিঘ্ন ঘটলে বেক-আপ (Back-Up) হিসেবে স্থাপিত আইপিএস দিয়ে কন্ট্রোল প্যানেল চালানো যায়, কিন্তু কুলিং ফ্যান চালানো যায়না। ফলে, কম্প্রেসর অপারেশন বাধাগ্রস্থ হয় এবং দৈনিক গ্যাস উৎপাদন হারে তারতম্য দেখা যায়। এছাড়া, ১টি কম্প্রেসরের আনএক্সপেক্টেড শাট ডাউন এবং পুনরায় সেটি সম্পূর্ণ রান করার জন্য প্রয়োজনীয় প্রায় ৪৫ মিনিট সময়ের প্রয়োজন হয়। এ কারণে দৈনিক গ্যাস উৎপাদন হারের তারতম্য হয়। | তিতাস ফিল্ডের দৈনিক গ্যাস উৎপাদন হার স্ট্যাবল রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/(সিজি) ও সকল ফিল্ড ইনচার্জ |
| ৩.৩ | তিতাস ফিল্ডের ঘাস কাটা | তিতাস ফিল্ডের ঘাস যথাযথভাবে পরিস্কার করার বিষয়ে সভার দৃষ্টি আকর্ষণ করা হয়। উপমহাব্যবস্থাপক (তিতাস) সভাকে অবহিত করেন যে, তিতাস ফিল্ডের ঘাস কাটার জন্য নিয়োজিত ঠিকাদার সিডিউল অনুযায়ী ঘাস কাটছে না। এ বিষয়ে তাকে ইতোমধ্যে সতর্কীকরণ চিঠি দেয়া হয়েছে। এমতাবস্থায়, তিতাস ফিল্ডের ১০টি লোকেশনের পরিস্কার-পরিচ্ছন্নতা তদারকি করা দুরূহ হয়ে পড়েছে। | তিতাস ফিল্ডের ঘাস কাটার জন্য নিয়োজিত ঠিকাদারকে চুক্তি অনুযায়ী ঘাস কাটার জোর তাগিদ প্রদান করতে হবে। পরবর্তীতে কোনো ব্যত্যয় হলে চুক্তি বাতিল করে নতুন ঠিকাদার নিয়োগ করতে হবে।<br><br>তিতাস-বি লোকশনের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম সার্ভিসেস বিভাগের মাধ্যমে পরিচালিত হবে। এ ফিল্ডের সকল নৈমিত্তিক শ্রমিক সার্ভিসেস বিভাগের অধীনে পরিচালিত হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন)/ উপমহাব্যবস্থাপক (তিতাস)/ উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **খ) হবিগঞ্জ, বাখরাবাদ ও নরসিংদী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির পরিত্যক্ত সর্বমোট ৮টি টেলি-কমিউনিকেশন টাওয়ার এবং ১টি অব্যবহৃত কনডেনসেট স্টোরেজ ট্যাংক নিলামে বিক্রয়ের জন্য আহ্বানকৃত দরপত্রের বিপরীতে প্রাপ্ত দরপত্র স্থায়ী নিলাম কমিটি কর্তৃক মূল্যায়ন সম্পন্নপূর্বক গত ০২/০৮/২০২৬ তারিখে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট প্রতিবেদন দাখিল করা হয়েছে। স্থায়ী নিলাম কমিটির সুপারিশের আলোকে সর্বোচ্চ দরদাতার নিকট বিক্রয়ের প্রস্তাব আগামী বোর্ড সভায় উপস্থাপন করা যেতে পারে।<br><br>সভাকে আরও অবহিত করা হয় যে, মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০২১ এবং বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর কল্যাণ তহবিল বিধি, ১৯৯৩ হালনাগাদকরণ সংক্রান্ত গঠিত ০২টি কমিটির রিপোর্ট দাখিল করা হয়েছে। বোর্ডের অনুমোদনের জন্য আগামী বোর্ড সভায় উপস্থাপন করা হবে। | স্থায়ী নিলাম কমিটির সুপারিশের আলোকে নিলামে বিক্রয়ের লক্ষ্যে আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।<br><br>মালামাল অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০২১ এবং বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড-এর কল্যাণ তহবিল বিধি, ১৯৯৩ হালনাগাদকরণ সংক্রান্ত গঠিত ০২টি কমিটির রিপোর্ট আগামী বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) |
| | | **গ) কামতা ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর ভবনটি সংস্কারের বিষয়ে বাজেট সংস্থান এবং সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণে টিজিটিডিএসএল কর্তৃক ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানিয়েছে। | কামতা ফিল্ডের অভ্যন্তরে থাকা টিজিটিডিএসএল-এর পরিত্যক্ত ভবনটির সংস্কারের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং ব্যবস্থাপক/ইনচার্জ (কামতা) |
| | | **ঘ) ফেনী ফিল্ড:**<br>সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ফেনী গ্যাস ফিল্ড-এর উন্নয়ন কার্যক্রম গ্রহণে বিজিএফসিএল-এর আগ্রহ সম্পর্কে পেট্রোবাংলাকে জানানো হয়েছে। এ বিষয়ে পেট্রোবাংলা, বাপেক্স ও বিজিএফসিএল-এর সমন্বয়ে ইতোমধ্যে একটি ত্রি-পক্ষীয় মিটিং হয়েছে। এ মিটিং এর যাচিত তথ্য-উপাত্ত প্রাপ্তির পর পেট্রোবাংলার চেয়ারম্যান মহোদয়ের নেতৃত্বে প্রশাসনিক মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় ফেনী গ্যাস ফিল্ডের উন্নয়ন বিষয়ে দিক নির্দেশনা পাওয়া যাবে মর্মে আশা করা যাচ্ছে। | বিজিএফসিএল-এর ফেনী গ্যাস ফিল্ডে উন্নয়নের বিষয়ে মন্ত্রণালয় এবং পেট্রোবাংলার দিক নির্দেশনা পাওয়া গেলে তদনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে পেট্রোবাংলার সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) |
| ৪.০। | **পরিকল্পনা ও উন্নয়ন ডিভিশন :** | | | |
| ৪.১। | চলমান উন্নয়ন প্রকল্প। | মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, কোম্পানিতে ৫টি উন্নয়ন প্রকল্প চলমান আছে। তন্মধ্যে, | | মহাব্যবস্থাপক (অপারেশন)/ (পিডি) |

| | | | |
|---|---|---|---|
| (ক) তিতাস-ই এবং জি তে কম্প্রেসর স্থাপন | তিতাস-ই এবং জি লোকেশনে বিজিএফসিএল ও ZICOM-এর ১ বছর মেয়াদী জয়েন্ট অপারেশন কার্যক্রম ১৬ নভেম্বর ২০২৬ তারিখে শেষ হবে। ZICOM আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণ সিডিউল উপস্থাপন করা হয়েছে।<br><br>পাশাপাশি, গৃহীত প্রকল্পসমূহের আওতায় এ বছর আয়োজিতব্য বৈদেশিক প্রশিক্ষণের একটি সামষ্টিক সিডিউল/ তালিকা (প্রশিক্ষণার্থীর মনোনয়নসহ) দ্রুত দাখিল করা হবে। | ZICOM উপস্থাপিত সিডিউল মোতাবেক যথাসময়ে বৈদেশিক প্রশিক্ষণ সুসম্পন্নের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>গৃহীত প্রকল্পসমূহের আওতায় এ বছর আয়োজিতব্য বৈদেশিক প্রশিক্ষণের সামষ্টিক সিডিউল/ তালিকা (প্রশিক্ষণার্থীর মনোনয়নসহ) প্রণয়ন করে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট দাখিল করতে হবে। | এবং<br>সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| (খ) ৭টি কূপের ওয়ার্কওভার | সভাকে অবহিত করা হয় যে, বাখরাবাদ-৭ কূপের ওয়ার্কওভার কাজ সম্পন্নের পর বাখরাবাদ-৬ কূপের ওয়ার্কওভার কার্যক্রম শুরু হবে। মেঘনা-১ কূপের ওয়ার্কওভারের লক্ষ্যে রিগ ফাউন্ডেশনের সংস্কার কাজ চলমান আছে। | বাখরাবাদ-৬ ও ৭ কূপের ওয়ার্কওভার যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে নিবিড় তত্ত্বাবধান অব্যাহত রাখতে হবে।<br><br>মেঘনা-১ কূপের রিগ ফাউন্ডেশন মডিফিকেশন কাজ দ্রুত সম্পাদনে তৎপর ও সচেষ্ট হতে হবে। | |
| (গ) ২টি গভীর অনুসন্ধান কূপ খনন (তিতাস-৩১ ও বাখরাবাদ-১১) | সভাকে অবহিত করা হয় যে, ২টি গভীর অনুসন্ধান কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-৩১ কূপ খনন কার্যক্রম চলমান আছে। বাখরাবাদ-১১ কূপ খনন এলাকায় রিটেইনিং ও বাউন্ডারি ওয়াল নির্মাণ এবং ভূমি উন্নয়ন কাজসহ অন্যান্য পুরকৌশল কাজ সম্পাদিত হচ্ছে। তবে, কূপ খনন এলাকার ভূমি মালিকদের সাথে কৃত প্রতিশ্রুতি অনুযায়ী তাদের ভূমি রিক্যুইজিশনের পরিবর্তে এক্যুইজিশন করতে হবে বিধায় আগস্ট, ২০২৬ মাসের মধ্যে এক্যুইজিশন প্রক্রিয়া শুরু করা প্রয়োজন মর্মে প্রকল্প পরিচালক সভার দৃষ্টি আকর্ষণ করেন। | গভীর অনুসন্ধান কূপ তিতাস-৩১ এর খনন কাজ যথাসময়ে এবং যথাযথভাবে সম্পন্নে সচেষ্ট হতে হবে।<br><br>বাখরাবাদ-১১ কূপ খনন সংশ্লিষ্ট ভূমি উন্নয়ন কাজ যথাসময়ে ও যথাযথভাবে সম্পন্নের জন্য সচেষ্ট থাকতে হবে।<br><br>তিতাস-৩১নং কূপ খনন এলাকার রিক্যুইজিশনকৃত ভূমিসমূহ এক্যুইজিশনের কার্যক্রম শুরুর লক্ষ্যে প্রকল্প পরিচালক কর্তৃক এস্টেট বিভাগকে লিখিতভাবে অবহিত করতে হবে। | |
| (ঘ) হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের আওতায় হবিগঞ্জ ফিল্ড সংলগ্ন ৮৭৫ বর্গ কি:মি: এলাকার মাঠ পর্যায়ের কাজ বাপেক্স কর্তৃক শুরু করা হয়েছে। | বাপেক্স কর্তৃক পরিচালিতব্য হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডের ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে সম্পাদনে সচেষ্ট থাকতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | (ঙ) ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন | ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের আওতায় তিতাস-২৮ নংকূপের কূপের খনন কাজ সম্পন্ন করে জাতীয় গ্রিডে গ্যাস যুক্ত করা হয়েছে। তিতাস-২৯ এবং কামতা-২ কূপের খনন কাজ চলমান আছে।<br>কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন তৈরি এবং টেন্ডার ডকুমেন্ট-এর খসড়া প্রণয়ন করা হয়েছে। | ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-২৮, ২৯, ৩০ এবং কামতা-২) খনন প্রকল্পের কাজ দ্রুত ও যথাযথভাবে সম্পাদনে অধিকতর তৎপর ও সচেষ্ট হতে হবে।<br><br>কামতা ফিল্ডের জন্য দৈনিক ২০ এমএমসিএফ গ্যাস প্রসেসিং ক্ষমতাসম্পন্ন ১টি প্রসেস প্লান্ট সংগ্রহের লক্ষ্যে ব্যয় প্রাক্কলন, স্পেসিফিকেশন এবং টেন্ডার ডকুমেন্ট পরবর্তীতে বোর্ড সভায় উপস্থাপন করতে হবে। | |
| ৪.২। | প্রস্তাবিত উন্নয়ন প্রকল্পসমূহ। | সভাকে অবহিত করা হয় যে, দেশীয় গ্যাসের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে বিজিএফসিএল-এর ৪টি প্রস্তাবিত প্রকল্প রয়েছে। তন্মধ্যে, | | |
| | | ( ক) তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | তিতাস ৩২ ও ৩৩ নং কূপ খননের লক্ষ্যে গৃহীত প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (পরিকল্পনা) ও প্রকল্প সমন্বয়ক |
| | | ( খ) তিতাস- ১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রণীত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। ইতোমধ্যে বৈদেশিক মালামাল ক্রয়ের ২টি দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। | তিতাস-১৫ (Sidetrack Drilling) ও বিকেবি-২ নং কূপের ওয়ার্কওভার প্রকল্পের ডিপিপি অনুমোদনের লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | |
| | | (গ) প্রকল্পের আওতায় তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ বর্গ কি:মি: এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি:মি: এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ পরিচালনা করা হবে। প্রকল্পটি হবিগঞ্জ, বাখরাবাদ ও মেঘনা ফিল্ডে ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের সাথে রি-স্কোপ করার প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। | তিতাস ও হবিগঞ্জ ফিল্ডের অন্তর্বর্তী ২৫৫ লাইন কি:মি: এলাকায় ২-ডি এবং তিতাস ফিল্ডের উত্তর-পশ্চিম ও নরসিংদী ফিল্ডের উত্তর-পূর্বে ৬৩২ বর্গ কি:মি: এলাকায় ৩-ডি সাইসমিক জরিপ প্রকল্পের বিষয়ে পেট্রোবাংলার পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | | ( ঘ) তিতাস ফিল্ডে ৩টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ (তিতাস-৩৪, ৩৫, ৩৬) খননের জন্য জুলাই' ২৬ হতে জুন'২৯ পর্যন্ত বাস্তবায়ন মেয়াদ এবং জিডিএফ অর্থায়ন বিবেচনায় একটি প্রকল্প গ্রহণের পরিকল্পনা করা হয়েছে। প্রকল্পটি ৪টি মূল্যায়ন-কাম-উন্নয়ন কূপ খনন প্রকল্পের সাথে রি-স্কোপ করার প্রস্তাব পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। | তিতাস-৩৪, ৩৫, ৩৬ কূপ খননের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পের বিষয়ে পেট্রোবাংলার পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৩। | প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়ন। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির প্রধান কার্যালয়ের জন্য সরকারি অনুমোদন প্রাপ্ত Fire Plan বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় ম্যাটেরিয়েলস্-এর তালিকা তৈরি, কর্মপরিকল্পনা প্রণয়ন এবং ব্যয় প্রাক্কলন করে দাখিল করা হয়েছে। সভায় ২টি ডিজেল ইঞ্জিন এবং ১টি জকি পাম্প সম্বলিত Fire Plan ম্যাটেরিয়েলস্ তালিকা প্রণয়নের জন্য মতামত ব্যক্ত করা হয়।<br><br>এছাড়া, হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত নিয়োজিত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠান সরেজমিন পরিদর্শন করে Fire Plan এর খসড়া প্রণয়ন করছে মর্মে জানা গেছে। | কোম্পানির প্রধান কার্যালয়ের Fire Plan বাস্তবায়নের লক্ষ্যে ২টি ডিজেল ইঞ্জিন এবং ১টি জকি পাম্প সম্বলিত ম্যাটেরিয়েলস্ তালিকা প্রণয়ন এবং সার্বিক পুরকৌশল পরিকল্পনা এবং ব্যয় প্রাক্কলন করে পুরকৌশল বিভাগ কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় উপস্থাপন করতে হবে।<br><br>হবিগঞ্জ ফিল্ডের জন্য Fire Plan প্রণয়ন ও অনুমোদনের নিমিত্ত তৃতীয় পক্ষীয় প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (পিডি) এবং উপমহাব্যবস্থাপক (ইএস) ও সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪। | পরিবেশ ছাড়পত্র বা Environmental Clearance Certificate (ECC) নবায়ন । | সভাকে অবহিত করা হয় যে, হবিগঞ্জ ফিল্ডের ECC সংগ্রহের শর্ত অনুযায়ী ETP স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে। ETP স্থাপন বিষয়ে দরপত্র বিজ্ঞপ্তির বিপরীতে প্রাপ্ত মোট ২ টি দরপত্র সার্বিক মূল্যায়নে Non-Responsive হওয়ায় পুনঃদরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। | হবিগঞ্জ ফিল্ডে ETP স্থাপনের জন্য পুনঃদরপত্র বিজ্ঞপ্তি দ্রুত প্রকাশ করতে হবে। | মহাব্যবস্থাপক (অপারেশন) এবং উপমহাব্যবস্থাপক (হবিগঞ্জ) |
| ৪.৫। | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম: | | | |
| | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS) | সভাকে অবহিত করা হয় যে, সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ৩বছর মেয়াদে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক প্রণয়ন করে জমা প্রদান করা হয়েছে। পেট্রোবাংলার পরবর্তী নির্দেশনা পাওয়া গেলে পরবর্তী কার্যক্রম সম্পাদন করা হবে।<br><br>সভাকে আরও অবহিত করা হয় যে, ডি-নথি কার্যক্রমে বিজিএফসিএল-এর নথি নিষ্পত্তির হার ১০০% এ উন্নীত করার লক্ষ্যে আর্থিক সংশ্লিষ্ট নথি ডি-নথিতে সম্পাদনের উদ্যোগ চলমান আছে। | সরকারি কর্মসম্পাদন মনিটরিং সিস্টেম (GPMS)-এ ২০২৬-২৭ অর্থবছরে কোম্পানির কর্মক্ষেত্র ও সূচক পেট্রোবাংলায় দাখিল করা হয়েছে। এ বিষয়ে পেট্রোবাংলার পরবর্তী নির্দেশনা মোতাবেক কার্যক্রম সম্পাদন করতে হবে।<br><br>ডি-নথির কার্যক্রম ১০০% এ উন্নীত করার লক্ষ্যে সকল প্রকার বিল ডি-নথিতে উপস্থাপন/ প্রক্রিয়া করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপমহাব্যবস্থাপক (আইসিটি)/ (এইচআর) এবং সকল কর্মকর্তা |
| **৫.০।** | **টেকনিক্যাল সার্ভিসেস ডিভিশন:** | | | |
| ৫.১। | কোম্পানির ভূ-সম্পত্তি ও পথস্বত্ব (ROW) সংরক্ষণ: | | | |
| | কামতা ফিল্ডের Right of way সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW-এর ৭-৮ ফুট জায়গায় স্থায়ী অবকাঠামো নির্মাণ করায় স্থানীয় একজন ব্যক্তির বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। ১৩-৮-২০২৬ তারিখ শুনানীর দিন ধার্য্য আছে। | উলুখোলা বাজার সংলগ্ন এলাকায় কোম্পানির কামতা ফিল্ডের ROW সংরক্ষণে সচেতন ও তৎপর থাকতে হবে এবং দায়েরকৃত মামলার পরবর্তী অগ্রগতি সম্পর্কে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | মহাব্যবস্থাপক (টিএস)/কোম্পানি সচিব |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫.২। | কোম্পানির ভূ-সম্পত্তি সংরক্ষণ। | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির মোট ৪১১ একর ভূ-সম্পত্তির মধ্যে নদী, রাস্তা, বাজার এলাকায় থাকা ভূমি বাদ দিয়ে ৩৩৭ একর ভূ-সম্পত্তির নামজারি এবং খাজনা পরিশোধসহ রেকর্ড আপ-টু-ডেট করা হয়েছে। অবশিষ্ট ভূ-সম্পত্তির মধ্য হতে সম্প্রতি বাখরাবাদ ফিল্ডের আরও ৬ একর পরিমাণ ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদ করা হয়েছে। | মেঘনা ফিল্ড ও ফেনী ফিল্ডের ভূ-সম্পত্তির রেকর্ড হালনাগাদের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/(টিএস) ও উপমহাব্যবস্থাপক (পুরকৌশল)/ (এস্টেট) |
| **৬.০।** | **কোম্পানি সচিবালয় ডিভিশন :** | | | |
| ৬.১। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলার অবস্থা। | সভাকে অবহিত করা হয় যে, বর্তমানে কোম্পানির বিপক্ষে বিদ্যমান সর্বমোট মামলার সংখ্যা ৪৪টি। এ মাসে, ৪টি মামলা নিষ্পত্তি হয়েছে যেগুলোর সার্টিফায়েড কপি আজ হস্তগত হয়েছে। | কোম্পানির পক্ষে/বিপক্ষে দায়েরকৃত মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে কোন মাসেই যেন মামলা নিষ্পত্তির সংখ্যা শূন্য না থাকে, এ বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | কোম্পানি সচিব/ উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) |
| ৬.২। | কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা আয়োজন | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা আয়োজনের লক্ষ্যে বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ সংক্রান্ত কমিটি গঠনের নথি উপস্থাপন করা হয়েছে। | কোম্পানির ২০২৫-২৬ অর্থবছরের বার্ষিক সাধারণ সভা সেপ্টেম্বর, ২০২৬ মাসের মাঝামাঝি সময়ে আয়োজনের লক্ষ্যে যাবতীয় কার্যক্রম পরিচালিত করতে হবে। | কোম্পানি সচিব ও সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (বোর্ড) |
| **৭.০।** | **রক্ষণাবেক্ষণ ও আইসিটি ডিভিশন :** | | | |
| ৭.১। | ডাটা সংরক্ষণ এবং ক্রয়কৃত ও ব্যবহৃত সফটওয়্যার সংক্রান্ত | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির স্টোরস্ ম্যানেজমেন্ট সফটওয়্যারটির ফলপ্রসু পারফরমেন্সে সমস্যা হচ্ছে। সফটওয়্যারটির আপডেট এবং রক্ষণাবেক্ষণের জন্য নিয়োজিত প্রতিষ্ঠানটি হতে সহযোগিতা পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে সভার দিকনির্দেশনা প্রত্যাশা করা হয়। | কোম্পানির স্টোরস্ ম্যানেজমেন্ট সফটওয়্যারটির ফলপ্রসু পারফরমেন্সের লক্ষ্যে সফটওয়্যারটির আপডেট এবং রক্ষণাবেক্ষণের জন্য নতুন প্রতিষ্ঠান নিয়োজিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স ও আইসিটি) এবং উপমহাব্যবস্থাপক (এসটিআইসি) |
| ৭.২। | কোম্পানির ওয়েবসাইট | কোম্পানির ওয়েব সাইটের তথ্য নিয়মিত হালনাগাদ হচ্ছে না মর্মে সভার দৃষ্টি আকর্ষন করা হয়। ব্যবস্থাপনা পরিচালক ওয়েব সাইটের তথ্য নিয়মিতভাবে হালনাগাদ করার নির্দেশনা প্রদান করেন। | কোম্পানির ওয়েব সাইটের তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে। | মহাব্যবস্থাপক (মেইনটেন্যান্স ও আইসিটি) এবং উপমহাব্যবস্থাপক (আইসিটি) |
| **৮.০।** | **প্রশাসন ডিভিশন:** | | | |
| ৮.১। | নিরাপত্তা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানির নিরাপত্তা পরিদর্শন জোরদার রয়েছে এবং সিসিটিভির মাধ্যমে নিরাপত্তা মনিটরিং করা হচ্ছে। কোম্পানিতে নিয়োজিত আনসারদের ডিউটি পোস্ট সংখ্যা এবং পোস্টভিত্তিক আনসার সংখ্যা সম্বলিত প্রতিবেদন নিরাপত্তা বিভাগ কর্তৃক মহাব্যবস্থাপকগণের সভায় পেশ করা হয়। উক্ত সভায় উপস্থাপিত তথ্য-উপাত্ত পর্যালোচনা করে প্রতিবেদনটি নিরাপত্তা বিভাগ কর্তৃক রিভিউ এবং পুনঃউপস্থাপনের জন্য প্রেরণ করা হয়েছে। | কোম্পানির সার্বিক নিরাপত্তা জোরদার রাখতে পেট্রোবাংলার নির্দেশনা অনুসরণ করতে হবে। কেপিআইভূক্ত এলাকা এবং গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।<br><br>কোম্পানিতে নিয়োজিত আনসারদের ডিউটি পোস্ট সংখ্যা এবং পোস্টভিত্তিক আনসার সংখ্যা সম্বলিত প্রতিবেদন নিরাপত্তা বিভাগ কর্তৃক রিভিউ করে ৭ কার্যদিবসের মধ্যে **পুনঃউপস্থাপন** করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন)/ (অপারেশন) ও উপমহাব্যবস্থাপক (নিরাপত্তা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৮.২। | কোম্পানির চিকিৎসা সেবা | ডেপুটি চিফ মেডিক্যাল অফিসার সভাকে অবহিত করেন যে, বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত হচ্ছে। | বাজেট সীমার মধ্যে চিকিৎসা ব্যয় পরিচালিত করতে হবে। | সকল মহাব্যবস্থাপক ও সকল উপমহাব্যবস্থাপক |
| ৮.৩। | নিয়োগ, পদোন্নতি ও প্রশিক্ষণ | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে নতুন যোগদানকৃত কর্মকর্তাদের বুনিয়াদী প্রশিক্ষণ প্রদান প্রায় সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণ সিডিউল পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের অনুমোদনাধীন আছে।<br><br>পেট্রোবাংলার কেন্দ্রীয় নিয়োগ প্রক্রিয়ার আওতায় নিয়োগের ব্যবস্থা গ্রহণের জন্য ১৫জন সহঃ ব্যবস্থাপক/সমমান এবং ৬৫জন সহঃ কর্মকর্তা/সমমান পদের চাহিদাপত্র প্রেরণ করা হয়েছে। এছাড়া, ১৪টি ক্যাটাগরিতে ৮৮টি পদে কর্মচারী নিয়োগের বিষয়ে অনুমোদন পাওয়া গিয়েছে। চাকরির আবেদন প্রক্রিয়া টেলিটকের মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে চুক্তি স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | প্রকল্পের আওতায় আয়োজিতব্য ২টি বৈদেশিক প্রশিক্ষণ সিডিউল পেট্রোবাংলা ও মন্ত্রণালয়ের অনুমোদনের বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।<br><br>৮৮টি পদে কর্মচারী নিয়োগ সংক্রান্ত আবেদন প্রক্রিয়া টেলিটকের মাধ্যমে সম্পাদনের জন্য দ্রুত চুক্তি সম্পাদন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৮.৪। | বিভাগীয় মামলা পরিচালনা | সভাকে অবহিত করা হয় যে, কোম্পানিতে বর্তমানে কোনও বিভাগীয় মামলা চলমান নেই। | বিভাগীয় মামলা হলে তা পদ্ধতিগতভাবে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং ন্যায় বিচার প্রতিষ্ঠা করতে হবে। | সকল মহাব্যবস্থাপক এবং উপমহাব্যবস্থাপক (প্রশাসন)/ (সংস্থাপন)/ (মানবসম্পদ) |
| ৮.৫। | বিশুদ্ধ পানি সরবরাহ | প্রধান কার্যালয়ে আয়রণমুক্ত পানি সরবরাহের বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হয়। এ জন্য আয়রণ পিউরিফায়ার ওয়াটার ফিল্টার বসানো অথবা পৌরসভার পানির লাইন সংযুক্তকরণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। | প্রধান কার্যালয়ে আয়রণমুক্ত পানি সরবরাহের লক্ষ্যে আয়রণ পিউরিফায়ার ওয়াটার ফিল্টার বসানো অথবা পৌরসভার পানির লাইন সংযুক্তকরণ সংক্রান্ত যাবতীয় তথ্য-উপাত্ত আগামী সভায় উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক (প্রশাসন) এবং উপমহাব্যবস্থাপক (সার্ভিসেস) |
| **৯.০।** | **আর্থিক ও হিসাব কার্যক্রম :** | | | |
| ৯.১। | সকল প্রকার ব্যয় সংকোচন এবং বাজেট সীমার মধ্যে ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) সভায় উল্লেখ করেন যে, সদ্য সমাপ্ত অর্থবছরের সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালিত হয়েছে। এ বিষয়ে সকলের সার্বিক সহযোগিতার জন্য সভায় ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করা হয় এবং নতুন অর্থবছরেও সকল ব্যয় বাজেট সীমার মধ্যে পরিচালনায় সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করা হয়। মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) কোম্পানির চলতি অর্থবছরের সংশোধিত মুলধনী বাজেট প্রস্তাব সম্প্রতি জারিকৃত অফিস স্মারক মোতাবেক যথাসময়ে দাখিলের জন্য সকলের প্রতি অনুরোধ করেন। | বাজেট সীমার মধ্যে অপারেশনাল ব্যয় পরিচালন ও নিয়ন্ত্রণ এবং কৃচ্ছতা সাধনে সকলকে সচেষ্ট থাকতে হবে।<br><br>কোম্পানির চলতি অর্থবছরের সংশোধিত মুলধনী বাজেট প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৯.২। | নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি। | সভাকে অবহিত করা হয় যে, নিরীক্ষা আপত্তিসমূহের ক্লাস্টার বা শ্রেণীবিন্যাস করা হয়েছে। দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আয়োজনের মাধ্যমে কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত আছে। এ পর্যন্ত নিরীক্ষা আপত্তির জের ৯১টি। | কোম্পানির নিরীক্ষা আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার সংখ্যা বাড়াতে হবে। কোনও মাসেই যেন নিরীক্ষা আপত্তি নিষ্পত্তির সংখ্যা শূন্য না থাকে, এ বিষয়ে সচেষ্ট থাকতে হবে। | সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক/ ফিল্ড ইনচার্জ |

সভার আলোচনাপর্বের শেষে জনাব মোঃ আবুল বাশার মিজি, উপমহাব্যবস্থাপক (লিগ্যাল) সভাকে অবহিত করেন যে, তিনি আগামী ৩০-৮-২০২৬ তারিখে চাকরি হতে অবসর গ্রহণ করবেন। তিনি সকলের দোয়া কামনা করেন। সভায় উপস্থিত সকল সদস্য তাঁকে বিদায় সম্ভাষণ জানান। সভাপতি কোম্পানিতে জনাব মোঃ আবুল বাশার মিজি এর অবদানের জন্য কৃতজ্ঞতা জানান এবং তাঁর অবসর জীবনের শান্তি ও মঙ্গল কামনা করেন।

পরিশেষে, সভাপতি ধৈর্য সহকারে সভায় অংশগ্রহণের জন্য সকল কর্মকর্তার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলের সম্মিলিত প্রয়াসে কোম্পানির উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রাখতে নিয়মনীতি অনুসরণ করে সকল কার্য সম্পাদনের পরামর্শ প্রদান করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ, ব্রাহ্মণবাড়িয়া
১১ আগস্ট ২০২৬
২৭ শ্রাবণ ১৪৩৩

০২-০৯-২০২৬
প্রকৌ. মোঃ আব্দুল জলিল প্রামানিক
ব্যবস্থাপনা পরিচালক

**নম্বর:** ২৮.১০.১২১৩.০০০.৮৭৬.৪২.০০০৩.২৬.১৩৬

তারিখ: ১৮ ভাদ্র ১৪৩৩
০২ সেপ্টেম্বর ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব (চলতি দায়িত্ব), সাচিবিক বিভাগ, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)।
২। সকল মহাব্যবস্থাপক, বিজিএফসিএল।
৩। সকল উপমহাব্যবস্থাপক/প্রকল্প পরিচালক/প্রকল্প সমন্বয়ক/ফিল্ড ইনচার্জ।
৪। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড।

০৪-০৯-২০২৬
মোঃ মোজাহার আলী
কোম্পানী সচিব/মহাব্যবস্থাপক